

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬১

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৩৯. 'লা- ইলা-হা ইল্লাল্লাহ' বলেছে এমন কাফিরকে হত্যা করা হারাম।

بَابِ تَحْرِيم قَتْلِ الْكَافِرِ بَعْدَ أَنْ قَالَ لَا إِلَهَ إِلَا اللهُ (139)

আরবী

বাংলা

৬১. মিরুদাদ বিন আসওয়াদ (রাযি.) (তিনি হলেন মিরুদাদ ইবনু 'আমর আলকিন্দী) রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল! আমাকে বলুন, কোন কাফিরের সঙ্গে আমার যদি (যুদ্ধক্ষেত্রে) সাক্ষাৎ হয় এবং আমি যদি তার সঙ্গে লড়াই করি আর সে যদি তলোয়ারের আঘাতে আমার একখানা হাত কেটে ফেলে এবং অতঃপর আমার থেকে বাঁচার জন্য গাছের আড়ালে গিয়ে বলে 'আমি আল্লাহর উদ্দেশে ইসলাম গ্রহণ করলাম' এ কথা বলার পরেও কি আমি তাকে হত্যা করব? তখন রাসূলূল্লাহ্ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাকে হত্যা করবে না। এরপর তিনি বললেন, হে আল্লাহর রাসূল! সে তো আমার একখানা হাত কাটার পর এ কথা বলছে। আল্লাহর রসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম পুনরায় বললেন, না, তুমি তাকে হত্যা করবে না। কেননা, তুমি তাকে হত্যা করবে হত্যা করার পূর্বে তোমার যে মর্যাদা ছিল সে সেই মর্যাদা লাভ করবে, আর ইসলাম গ্রহণের ঘোষণা দেয়ার আগে তার যে মর্যাদা ছিল তুমি সেই স্তরে পৌঁছে যাবে।

ফটনোট



সহীহুল বুখারী, পর্ব ৬৪; মাগাযী, অধ্যায় ৪৫, হাঃ ৪২৬৯; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৪১, হাঃ ৯৬

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ মিকদাদ ইবন আসওয়াদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন